

তারিখ ০৩ DEC 2008

পৃষ্ঠা ৬

## যায়যায়দিন

### চাকরি স্থায়ীকরণের দাবিতে রাবিতে ধর্মঘট ডেকেছে কর্মচারীরা

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

চাকরি স্থায়ীকরণের দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আঙ্গোটিতে ৫৪৪ কর্মচারী ক্যাম্পাসে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দিয়েছে। ধর্মঘটের প্রথম দিন বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগে একাডেমিক কার্যক্রম ও ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ক্যাম্পাসে পরিবহনও চলাচল করেনি।

রাবির বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট মিটিং চলাকালে শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসির জরুরি ফ্যাক্সবর্তায় ২০১০ সাল পর্যন্ত কর্মচারী নিয়োগে নিষেধাজ্ঞার খবর এলে তাদের চাকরির বিষয়টি ঝুলে যায়। রাতেই এয় প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে একদিনের ধর্মঘটের ঘোষণা দেয় কর্মচারীরা। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সোমবার তাদের ব্যাপারে কোনো ইতিবাচক সিদ্ধান্ত না নিলে আন্দোলনকারীরা মাথায় কাফনের কাপড় বেঁধে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে ক্যাম্পাসে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দেয়। ধর্মঘটকারী কর্মচারীরা জানিয়েছেন তাদের অব্যাহতি দেয়ার চক্রান্ত কোনোক্রমেই মেনে নেয়া হবে না।